



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

স্নাতক কলেজ কোডঃ ১১২১
ইআইআইএন নং-১০০৭৩৬
কারিগরি কলেজ কোডঃ ৪২০৬০
উমা কলেজ কোডঃ ২১২৫



সরকারি হিজলা ডিগ্রি কলেজ

স্থাপিতঃ ১৯৮৪ খ্রি.

উপজেলাঃ হিজলা, জেলাঃ বরিশাল।

E-mail: hizladcollege70@gmail.com

www. hizlacollege.edu.bd

Mobile- 01309100736

স্মারক নং- সহিডিক-

তারিখঃ ০৫/০৬/২০২৪ খ্রি.

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ডিগ্রি (পাস) ১ম বর্ষে অনলাইনে ভর্তির প্রাথমিক আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ ডিগ্রি (পাস) কোর্সে ভর্তি প্রাথমিক আবেদন সংক্রান্ত নিয়মাবলী নিম্নে দেয়া হলো।

প্রাথমিক আবেদন সংক্রান্ত নিয়মাবলীঃ

আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) Degree (pass) Tab-এ গিয়ে Apply Now (Degree (pass)) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয়, পাসের সন, একটি নিবন্ধিত মোবাইল নম্বর (নিজের অথবা অভিভাবকের), Male/Female, কলেজ ও বিষয় পছন্দক্রম নির্ধারণ, সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে প্রথমে ফরমটি Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে প্রিন্ট/pdf কপি সংগ্রহ করতে হবে। আবেদনকারীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমের নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর করতে হবে। আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত এই আবেদন ফরম ও প্রাথমিক আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা+বিকাশ সার্ভিস চার্জ সহ কলেজে (নিম্নে উল্লেখিত বিকাশ এর মাধ্যমে) যথাসময়ে জমা দিতে হবে। কলেজ যে সকল আবেদনকারীর প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করবে, সে সকল আবেদনকারীকে SMS এর মাধ্যমে তা জানিয়ে দেয়া হবে। কলেজে আবেদন পত্র ও নির্ধারিত আবেদন ফি জমা দেয়ার পরে আবেদনকারী তার মোবাইল ফোনে SMS না পেলে আবেদনকারীকে কলেজে নির্ধারিত সময়ের মধ্যে যোগাযোগ করতে হবে। কলেজে প্রাথমিক আবেদন কপি জমা ব্যতীত কোন আবেদনকারীর মেধা তালিকা প্রণয়ন করা হবে না।

১. অনলাইনে প্রাথমিক আবেদনের তারিখঃ ০৫/০৬/২০২৪ হতে ৩০/০৬/২০২৪ পর্যন্ত (সরকারি ছুটির দিন বাদে)
২. প্রাথমিক আবেদনের কপি জমা দেয়ার শেষ তারিখঃ ০৬/০৬/২০২৪ হতে ৩০/০৬/২০২৪ পর্যন্ত (সরকারি ছুটির দিন বাদে)
৩. কোর্স সমূহঃ ১. বিএ ২. বিএসএস ৩. বিবিএস

অনলাইনে প্রাথমিক আবেদনের টাকার পরিমাণ

বিএ/বিএসএস/বিবিএ সকল বিষয়	বিকাশ সার্ভিস চার্জ	মোট
৩০০	৫	৩০৫

টাকা জমা দেয়ার নিয়ম

(ক) মোবাইল ব্যাংকিং বিকাশের মাধ্যমে অনলাইনে প্রাথমিক আবেদনের ফি জমা দেয়ার নিয়মঃ
<http://hizlacollege.edu.bd> অথবা <https://hizlacollegepayment.blogspot.com> প্রবেশ করে → বিকাশ পেমেণ্টে ক্লিক করুন → এমাউন্ট বক্সে ৩০৫ টাকা → রেফারেন্সে Admission Roll → Use bKash wallet number as your contact number এর টিক চিহ্ন উঠিয়ে দিয়ে শিক্ষার্থীর মোবাইল নম্বর লিখুন → Confirm Payment → Your bKash Account number এ যে বিকাশ থেকে টাকা পেমেণ্ট করবে উক্ত নম্বর দিন → Enter verification code sent to তে বিকাশে প্রাপ্ত verification code দিন → পিন নম্বর দেয়ার পর পেমেণ্টের প্রিন্ট কপি সংগ্রহ করুন (রেফারেন্সে Admission Roll কোন অবস্থায় ভুল লেখা যাবে না।)

মোঃ আমিনুর রহমান
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
সরকারি হিজলা ডিগ্রি কলেজ
হিজলা, বরিশাল।